# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

**কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ**

E-mail-pmthrd@kb.gov.bd

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

"শুদ্ধাচার আর শিষ্টাচার কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার"

কব্যপ্রমাসবি পরিপত্র নম্বর: ০৪/২০১৯ তারিখ: ২৭ নভেম্বর, ২০১৯

**বিষয়: কর্মসংস্থান ব্যাংক (কর্মকর্তা - কর্মচারি) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি নীতিমালা-২০১৯।**

কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের সদয় অনুমোদন সাপেক্ষে এ বিভাগের ১১ এপ্রিল, ২০১৭ তারিখের কব্যপ্রমাসবি পরিপত্র নম্বর- ০১/২০১৭ এর মাধ্যমে 'কর্মসংস্থান ব্যাংক (কর্মকর্তা-কর্মচারি) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি নীতিমালা-২০১৭' জারি করা হয়। কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের ২০ নভেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ২৮১ তম সভায় ব্যাংকের কর্মচারিদের কর্মক্ষেত্রে স্বচ্ছতা, একঘেয়েমি দূরীকরণ, নির্দিষ্ট ডেস্কে কাজের অপরিহার্যতা রোধ, বিকল্প জনশক্তি তৈরি, কর্মস্পৃহা সৃষ্টি, কর্মবৈচিত্র আনয়ন ও কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারি নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে কর্মসংস্থান ব্যাংকের বিদ্যমান শ্রান্তি বিনোদন ছুটি নীতিমালায় সংশোধন আনয়নের প্রস্তাব করা হলে বোর্ড তা অনুমোদনসহ একটি পূর্ণাঙ্গ নীতিমালা জারির অনুমোদন প্রদান করে। সেপ্রেক্ষিতে, 'কর্মসংস্থান ব্যাংক (কর্মকর্তা-কর্মচারি) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি নীতিমালা-২০১৭' বাতিলপূর্বক নিম্নোক্তভাবে একটি পূর্ণাঙ্গ নীতিমালা জারি করা হলো:

০১। নীতিমালার নাম- কর্মসংস্থান ব্যাংক (কর্মকর্তা-কর্মচারি) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি নীতিমালা-২০১৯ ;

০২। **(ক)** যে সকল কর্মকর্তা-কর্মচারির নিয়মিত চাকরিকাল ০৩(তিন) বছর পূর্ণ হয়েছে এবং কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ণবেতনে অর্জিত ছুটি পাওনা রয়েছে সে সকল কর্মকর্তা-কর্মচারি ১৫(পনেরো) দিনের শ্রান্তি বিনোদন ছুটি এবং ০১(এক) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ শ্রান্তি বিনোদন ভাতা বাবদ প্রাপ্য হবেন;

**(খ)** প্রতি ০৩(তিন) বছর পর পর তিনি শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্য হবেন। ছুটির প্রাপ্যতা সাপেক্ষে আবেদনকারীর আবেদনের তারিখ হতে পরবর্তী তিন বছর হিসাব করা হবে। এক্ষেত্রে, ব্যাংকের বাজেট সংকুলান সাপেক্ষে বিষয়টি বিবেচনা করা হবে;

**(গ)** কোন কর্মকর্তা-কর্মচারি যে মাসে ছুটিতে যাবেন সেই মাসে যে মূল বেতন পাবেন উহাই তার শ্রান্তি বিনোদন ছুটির বিধি সম্মত একমাসের বেতন হিসেবে গণ্য হবে। এ ভাতা একবার উত্তোলন করা হলে পরবর্তীকালে নতুন বেতন নির্ধারণজনিত (Pay fixation) কারণে কোনো বকেয়া প্রাপ্য হবেন না ;

**(ঘ)** শ্রান্তি বিনোদন ছুটি সংশ্লিষ্ট কর্মকতা-কর্মচারির পূর্ণবেতনে অর্জিত ছুটির হিসাব হতে বিয়োজন করা হবে;

**(ঙ)** বিভাগীয় মোকদ্দমা অনিস্পন্ন থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি এ ধরণের ছুটির জন্য আবেদন করতে পারবেন না। তবে, বিভাগীয় মোকদ্দমা থেকে অবমুক্ত হলে যথারীতি এ ছুটি ও ভাতা প্রাপ্তির যোগ্য হবেন ;

**(চ)** চুক্তিভিত্তিক/অস্থায়ী/খন্ডকালীন/দৈনিক মজুরীভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি এ ছুটি ও ভাতা প্রাপ্য হবেন না ;

**(ছ)** অবসরোত্তর ছুটিতে গমণকারী কর্মকর্তা-কর্মচারিদের এ ছুটি ও ভাতা প্রদান করা যাবে না;

**(জ)** বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হল যুগপৎভাবে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরি এবং ভোগ। উক্ত ছুটি মঞ্জুরি এবং ভোগ ছাড়া বিনোদন ভাতা প্রদানের অবকাশ নাই এবং

**(ঝ)** ছুটি ভোগরত কর্মকর্তা-কর্মচারি নিতান্ত ব্যক্তিগত প্রয়োজন ছাড়া কোন ক্রমেই অফিস/কর্মস্থলে উপস্থিত হতে/ অফিসের কাজে অংশগ্রহণ করতে পারবেন না।

০৩। **(ক)** কর্মকর্তা-কর্মচারিগণ নির্ধারিত ফরমে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার আবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করবেন (পরিশিষ্ট-ক);

**(খ)** বিভাগীয় কার্যালয় স্ব-স্ব কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারি ও আওতাধীন শাখা/আঞ্চলিক কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারিদের আবেদন সংগ্রহপূর্বক কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগে প্রেরণ করবেন। এছাড়া, অন্যান্য কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারিগণ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগে আবেদন প্রেরণ করবেন এবং

(গ) প্রতি বছর ০১ জুলাই হতে ৩১ জুলাই এর মধ্যে প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগে এতৎবিষয়ে আবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৪। **(ক)** অর্ধ-বার্ষিক ও বার্ষিক হিসাব সমাপনীর কারণে ১৬ ডিসেম্বর হতে ১৫ জানুয়ারি এবং ১৬ জুন হতে ১৫ জুলাই পর্যন্ত এ ছুটি মঞ্জুর করা যাবেনা ;

(খ) ব্যাংকের আর্থিক সামর্থ্য বিবেচনায় প্রতিবছর জ্যেষ্ঠতার ভিত্তিতে বাজেট সংকুলান সাপেক্ষে মোট বিদ্যমান জনবলের সর্বোচ্চ ৩৩.৩৩% শতাংশের অনুকূলে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর করা যাবে। যে সকল কর্মকর্তা-কর্মচারি অনতিবিলম্বে পিআরএল-এ গমন করবেন তাদের আবেদন অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে। একই কার্যালয়/ শাখার একাধিক কর্মকর্তা/কর্মচারি একই সময়ে শ্রান্তি বিনোদন ছুটি ভোগ করতে চাইলে দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পাদন এবং গ্রাহক সেবায় যেন ব্যাঘাত সৃষ্টি না হয় সে দিকে দৃষ্টি রেখে কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ ছুটির বিষয়টি নির্ধারণ করবে;

চলমান পাতা-০২

(গ) কর্মসংস্থান ব্যাংক (কর্মকর্তা - কর্মচারি) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার সুপারিশকারী কমিটি নিম্নরূপ :

| ক্র: নং | কমিটির সদস্য | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১. | উপব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক | সভাপতি |
| ০২. | মহাব্যবস্থাপক (প্রশাসন), কর্মসংস্থান ব্যাংক | সদস্য |
| ০৩. | মহাব্যবস্থাপক (হিসাব), কর্মসংস্থান ব্যাংক | সদস্য |
| ০৪. | উপমহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ০৫. | উপমহাব্যবস্থাপক /সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ | সদস্য-সচিব |

i) সভাপতির পদশূন্য/ অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন;

ii) কমিটির ন্যূনতম ০৩ জন সদস্য উপস্থিত থাকলে সভার কোরাম পূর্ণ হবে ও সভার কার্যক্রম পরিচালনা করতে পারবে এবং

iii) ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনে কমিটির সদস্য সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

(ঘ) ছুটির হিসাব রাখার জন্য ছুটি রেজিস্টার (Leave Record Register) এ এন্ট্রি দিতে হবে এবং

(ঙ) কর্মকর্তা- কর্মচারির ছুটিকালীন দায়িত্ব পালনের বিষয়টি শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরীর ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

০৫। এছাড়াও,

(ক) এলপিসি-তে শ্রান্তি- বিনোদন ছুটি ভোগের বিবরণ উল্লেখ করতে হবে এবং

(খ) কোনো কর্মকর্তা-কর্মচারি ছুটিতে গমণ করলে তার উপর অর্পিত দায়িত্ব আবশ্যিকভাবে অন্য কাউকে পালনের অফিস আদেশ জারি করতে হবে ।

০৬। বিভাগ/শাখাকে তাদের ব্যয় হিসাবের 'শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা' কোড (১৩০৩৯১) ডেবিট করে ভাতা প্রদান করতে হবে। বাজেট, ব্যয় নিয়ন্ত্রণ ও হিসাব সমন্বয় বিভাগ প্রয়োজনীয় বাজেট বরাদ্দ করবেন। এছাড়াও, নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ/কার্যালয় শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি বাস্তবায়ন নিয়মিত পরিদর্শনে অন্তর্ভুক্ত করবেন।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

সংযুক্তি : শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার আবেদন।

২৭.১১.১৯

(মোঃআব্দুল খালেক মিয়া)
উপমহাব্যবস্থাপক

সূত্র নম্বর- ৫৩.১৭.০০০০.১১০.০৮.০০১.১৯-১৫২৫(৩০৬)

তারিখ : -ঐ -

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ)**

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে),কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা (উপমহাব্যবস্থাপক, আইটি ও প্রকৌশল বিভাগ - তাকে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৫. সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৬. বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৭. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
৮. সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
৯. অফিস নথি/এমআইএস/মহানথি।

২৭.১১.১৯

কাজী মোঃ হাবিবুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক

পরিশিষ্ট-'ক'

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

মাধ্যম : যথাযথ কর্তৃপক্ষ।

**বিষয়: শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার জন্য আবেদন।**

মহোদয়,

আমি কর্মসংস্থান ব্যাংকে কর্মরত আছি। ব্যাংক প্রবর্তিত নীতিমালার আলোকে নিম্নবর্ণিত বিষয়াবলী সদয় বিবেচনাপূর্বক শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরির আবেদন করছি।

| | | | |
|---|---|---|---|
| ১। | নাম ও সাভত সূচক নং | : | |
| ২। | পদবী ও বর্তমান কর্মস্থল | : | |
| ৩। | জন্ম তারিখ | : | |
| ৪। | ব্যাংকের চাকরিতে যোগদানের তারিখ | : | |
| ৫। | বর্তমান পদের বেতনের গ্রেড ও স্কেল | : | |
| ৬। | বর্তমান মূল বেতন | : | |
| ৭। | আবেদনের তারিখ ও উক্ত তারিখে ব্যাংকে মোট চাকরিকাল | : | |
| ৮। | ইতোপূর্বে/সর্বশেষ শ্রান্তি বিনোদন ছুটির আবেদনের তারিখ | : | |
| ৯। | সর্বশেষ শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরির তারিখ ও ছুটি ভোগের সময়কাল | : | -------;------- তারিখ হতে-----তারিখ পর্যন্ত |
| ১০। | আবেদনকৃত শ্রান্তি বিনোদন ছুটির সময়কাল | : | |

আবেদনকারীর স্বাক্ষর
(তারিখ ও সীলসহ)

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ/মতামত

আবেদনকারীর উপরোল্লিখিত তথ্যাদি সঠিক আছে। তিনি ব্যাংকের একজন নিয়মিত কর্মকর্তা-কর্মচারি। বর্তমানে তার বিরুদ্ধে কোন বিভাগীয় শৃংখলাজনিত মোকদ্দমা নাই।

এমতাবস্থায়, নীতিমালার সকল শর্ত পূরণ হওয়ায় তাকে . . . . . . . . . .হতে .. . . . . . . . . পর্যন্ত ১৫ দিনের শ্রান্তি বিনোদন ছুটি এবং ছুটি ভোগের তারিখে আহরিত মূলবেতনের সমপরিমান অর্থ বাবদ . . . . . . . . . . . (কথায়. . . . . . . . . . .) টাকা মাত্র বিনোদন ভাতা মঞ্জুরির সুপারিশ করা হলো।

সুপারিশকারী কর্মকর্তার স্বাক্ষর
(তারিখ ও সীলসহ)